



স্বাধীনতা বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কৃষ্টি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ১ শাখা
www.shed.gov.bd

T. D. No. (6234) 1204
১৪/১২/২০
১ আর্ট (১)

নথি নং-৩৭.০০.০০০০.০৮০.১০.০০১.১৫-১২

তারিখ: ২৮ পৌষ ১৪২৬
জানুয়ারি ২০২০

বিষয়: 'নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্মচারী অবসরভাতা ও আনুতোষিক সংবিধি, ২০১৯' অনুমোদন।

সূত্র: নোবি/প্রবি/উঅ/২০১৫/৮৭৫ তারিখ: ১৭ মে, ২০১৫।

সহায়মান রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক 'নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্মচারী অবসরভাতা ও আনুতোষিক সংবিধি, ২০১৯' অনুমোদিত হয়েছে।

২.০ অনুমোদিত সংবিধির ০১ (এক) প্রস্থ এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংখ্যা: ১১ (এগারো) পাতা।

সৈ: দ আলী রেজা

সু-মসচিব

ফোনঃ ৯৫৭৩৭৭৩

ds_stp@shed.gov.bd

উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়


বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সংবিধি: অবসর ভাতা ও আনুষ্ঠানিক সংবিধি, ২০১৯

[বিশ্ববিদ্যালয় আইনের ৩৬ (১) (ত) ও ৫৬ খারা অনুযায়ী]

- ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনা। - (১) এই সংবিধি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্মচারী অবসরভাতা ও আনুষ্ঠানিক সংবিধি, ২০১৯ নামে অভিহিত হইবে।
- (২) বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এবং প্রথম সংবিধির পরিপন্থি কিছু না থাকিলে এই সংবিধি নিম্নলিখিত কর্মচারী ব্যতীত বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে:
- (ক) সরকারি কিংবা অন্য কোনো সংস্থা হইতে অবসরভোগী কোনো কর্মচারী;
- (খ) খডকালীন/চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী;
- (গ) সরকারি কিংবা অন্য কোনো সংস্থা থেকে প্রেষণে (Deputation) অথবা লিয়েনে (Lien) এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত কর্মচারী;
- (ঘ) সম্পূর্ণ স্থায়ী ভিত্তিতে নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত কর্মচারী;
- (ঙ) এতদ্ব্যতিরিক্তে নিযুক্ত কর্মচারী যিনি পরবর্তীতে স্থায়ী পদে নিযুক্ত হননি;
- (৩) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বিশ্ববিদ্যালয়ে নিয়মিত পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত হইয়া অবসরযোগ্য চাকরিকাল পূর্ণ করিলে তাহার অবসর প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি প্রযোজ্য হইবে।
- (৪) এই সংবিধি বিশ্ববিদ্যালয় আইন কার্যকর হওয়ার তারিখ তথা ২৫ আগস্ট, ২০০৩ থেকে কার্যকর বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।-

- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই সংবিধিতে উল্লিখিত:
- (ক) 'আইন' বলিতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন-২০০১ (২০০১ সনের ৪১ নং আইন; যাহা ২৫ আগস্ট, ২০০৩ তারিখ কার্যকর হইয়াছে) বুঝাইবে;
- (খ) 'সরকার' বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বুঝাইবে;
- (গ) 'কমিশন' বলিতে ১৯৭৩ সালের পি.ও অর্ডার নং ১০ এর অধীন গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বুঝাইবে;
- (ঘ) 'বিশ্ববিদ্যালয়' বলিতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুঝাইবে;
- (ঙ) 'চ্যাপেলর' অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যাপেলর;
- (চ) 'ভাইস-চ্যাপেলর' অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যাপেলর;
- (ছ) 'কর্তৃপক্ষ' বলিতে বিশ্ববিদ্যালয় আইনের ১৭ ধারায় বর্ণিত কর্তৃপক্ষ বুঝাইবে;
- (জ) 'রিজেন্ট বোর্ড' বলিতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'রিজেন্ট বোর্ড' বুঝাইবে;
- (ঝ) 'সংবিধি' বলিতে বিশ্ববিদ্যালয় আইনের ৩৬ ও ৩৭ খারা মোতাবেক অনুমোদিত সংবিধি বুঝাইবে;
- (ঞ) 'শিক্ষক' বলিতে বিশ্ববিদ্যালয়ের কোনো অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ট) 'কর্মচারী' বলিতে জাতীয় বেতন স্কেলভুক্ত সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বুঝাইবে;
- (ঠ) 'বেতন' বলিতে মাসিক মূল বেতন ও বিশেষ বেতন (সকল প্রকার ভাতা ব্যতীত) বুঝাইবে;
- (ড) 'স্বাভাবিক অবসর' বলিতে জন্মতারিখ অনুসারে সরকার নির্ধারিত/ নির্দিষ্ট বয়সপূর্তিজনিত কারণে অথবা কোন শিক্ষকের বয়স ৬৫ (ষয়ষষ্টি) বৎসর এবং কর্মকর্তা/কর্মচারীর বয়স ৬০ (ষাট) বৎসর পূর্তিতে আবশ্যিকভাবে অবসর গ্রহণ বুঝাইবে;
- (ঢ) 'অবসরভোগী' বলিতে একটি নির্দিষ্ট সময়কাল চাকরিতে অধিষ্ঠিত থাকার পর বিধি অনুযায়ী অবসর গ্রহণ করিয়া অথবা চাকরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের পর মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট চাকরিকাল কিংবা তাহার মৃত্যুতে তাহার পরিবারকে প্রদেয় বেতনভিত্তিক মাসিক ভাতা বুঝাইবে;
- (ণ) 'আনুষ্ঠানিক' বলিতে এই সংবিধির ৪ নং অনুচ্ছেদে বর্ণিত সুবিধা বুঝাইবে;


স্বাক্ষরিত
নোয়াখালী
বিশ্ববিদ্যালয়
অধ্যাপক

- (৩) 'পেনশনযোগ্য চাকরিকাল' বলিতে অবসর নির্ধারণের জন্য এই সংবিধির ১৪ নং অনুচ্ছেদে বর্ণিত গণনাযোগ্য চাকরিকাল বুঝাইবে;
- (খ) 'অনুচ্ছেদ' বলিতে এই সংবিধির অনুচ্ছেদ বুঝাইবে;
- (গ) 'অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave)' এই সংবিধির ১৬ নং অনুচ্ছেদে বর্ণিত ছুটি বুঝাইবে;
- (ঘ) 'ছুটি' অর্থ অর্জিত ছুটি যাহা কর্মকালে প্রতি ১১ দিনে পূর্ণগড় বেতনে ০১ দিন এবং প্রতি ১২ দিনে অর্ধগড় বেতনে ০১ দিন বুঝাইবে;
- (ঙ) 'পরিবার' অর্থ এই সংবিধির ১০.১ অনুচ্ছেদে বর্ণিত পরিবার বুঝাইবে;
- (চ) 'তহবিল' অর্থ এই সংবিধির অনুচ্ছেদ ৩০ এর অধীন গঠিত তহবিল বুঝাইবে;
- (ছ) 'মেডিক্যাল বোর্ড' অর্থ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল বোর্ড।

৩। অবসর

কোনো কর্মচারী অন্যান্য ০৫ (পাঁচ) বৎসর গণনাযোগ্য চাকরি করার পর অবসরগ্রহণ বা পদত্যাগ করিলে অথবা নির্দিষ্ট বয়স পূর্ণ হইবার কারণে অবসর গ্রহণ করিলে (শিক্ষক ৬৫ বৎসর এবং কর্মকর্তা/কর্মচারী ৬০ বৎসর) অথবা তাহার মৃত্যু হইলে বা পদ-বিহীনতার কারণে তাহার চাকরির অবসান ঘটিলে গণনাযোগ্য চাকরির ভিত্তিতে বা অননুপক্ষে সর্বসময় সমস্ত অবসরভাতার যে হার নির্ধারণ করিবে এবং তিনি বা তাহার মৃত্যু হইলে সেই হারে তাহার পরিবারের অবসরভাতা প্রাপ্য হইবে।

শর্ত থাকে যে, রেহায় অবসর গ্রহণের ক্ষেত্রে অবসর পাওয়ার জন্য এই বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর চাকরি করিতে হইবে।

পেনশন টেবিল

পেনশনযোগ্য চাকরিকাল	পেনশনের হার
৫ বৎসর	২১%
৬ বৎসর	২৪%
৭ বৎসর	২৭%
৮ বৎসর	৩০%
৯ বৎসর	৩৩%
১০ বৎসর	৩৬%
১১ বৎসর	৩৯%
১২ বৎসর	৪৩%
১৩ বৎসর	৪৬%
১৪ বৎসর	৪৯%
১৫ বৎসর	৫২%
১৬ বৎসর	৫৬%
১৭ বৎসর	৬০%
১৮ বৎসর	৬৪%
১৯ বৎসর	৬৮%
২০ বৎসর	৭২%
২১ বৎসর	৭৬%
২২ বৎসর	৮০%
২৩ বৎসর	৮৪%
২৪ বৎসর	৮৮%
২৫ বৎসর এবং তদুর্ধ্ব	৯০%

স্বাক্ষর: ৫-১৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন বেতন নিম্নোক্ত ক্ষেত্রে প্রাপ্য হইবে:

- (১) একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করিলে কিংবা সরকার কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে; এবং
- (২) স্থায়ী পদ-বিহীনতার কারণে চাকরি থেকে ছাঁটাইয়ের ক্ষেত্রে।

৪। আনুতোষিক (Gratuity)

আনুতোষিকের হার

ক্রমিক নং	পেনশনযোগ্য চাকরিকাল	আনুতোষিকের হার (প্রতি টাকার বিপরীতে)
১.	৫ বৎসর বা ততোধিক কিন্তু ১০ বৎসরের কম	২৬৫/-
২.	১০ বৎসর বা ততোধিক কিন্তু ১৫ বৎসরের কম	২৬০/-
৩.	১৫ বৎসর বা ততোধিক কিন্তু ২০ বৎসরের কম	২৪৫/-
৪.	২০ বৎসর বা ততোধিক	২৩০/-

৫। অক্ষমতাজনিত অবসর (Invalid Pension)

বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারী চাকরিরত অবস্থায় শারীরিক বা মানসিক বৈকল্যের কারণে চাকরি করিতে স্থায়ীভাবে অক্ষম হইলে, তিনি এই সংবিধি অনুযায়ী আনুতোষিক এবং অবসরসুবিধা পাইবেন।

অক্ষমতাজনিত অবসর আবেদন প্রাপ্তির পর রিজেন্ট বোর্ড একটি মেডিকেল বোর্ড গঠন করিবে এবং মেডিকেল বোর্ডের রিপোর্ট বিবেচনাপূর্বক উপযুক্ত বিষয়ে রিজেন্ট বোর্ড চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৬। স্বাভাবিক অবসর (Superannuation Pension)

জন্মতারিখ অনুসারে বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষকের বয়স ৬৫ (পঁয়ষট্টি) বৎসর এবং কর্মকর্তা/কর্মচারীর বয়স ৬০ (ষাট) বৎসর পূর্তির দিন তিনি আবশ্যিকভাবে স্বাভাবিক অবসর গ্রহণ করিবেন এবং নিয়ম অনুযায়ী অবসরভাতা পাইবেন।

৭। ক্ষতিপূরণজনিত অবসর (Compensation Pension)

বিশ্ববিদ্যালয়ের কোন স্থায়ীপদ অবলুপ্তির কারণে উক্ত পদে নিয়োজিত কর্মচারীকে অন্য কোন স্থায়ী পদে আত্মীকরণ সম্ভব না হইলে, তিনি এই সংবিধির নিয়ম অনুযায়ী অবসর ও আনুতোষিক সুবিধা পাইবেন।

৮। স্বেচ্ছাবসর (Optional Retirement)

বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারীর চাকরির মেয়াদ ২৫ (পঁচিশ) বৎসর পূর্তির পর স্বেচ্ছায় অবসর গ্রহণের সম্ভাব্য তারিখের কমপক্ষে ৩০ দিন পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদনপূর্বক চাকরি হইতে অবসর গ্রহণ করিতে পারিবেন। তবে বিধান থাকে যে, স্বেচ্ছায় অবসরের আবেদন করা হইলে তাহা আর সংশোধন বা প্রত্যাহার করা যাইবে না।

৯। শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement as a Penal Measure)

শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে রিজেন্ট বোর্ড কর্তৃক কোন কর্মচারীকে চাকরি হইতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হইলে তিনি বিধি অনুযায়ী অবসরভাতা ও আনুতোষিক সুবিধা পাইবেন।

তবে কোনো কর্মচারী এই বিশ্ববিদ্যালয়ের চাকরি হইতে অপসারিত অথবা বরখাস্ত হইলে তিনি বিশ্ববিদ্যালয় হইতে কোনো অবসরভাতা বা আনুতোষিক পাইবেন না।

১০। পারিবারিক অবসরভাতা (Family Pension)

বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারী চাকরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের পর স্বাভাবিক বা অস্বাভাবিক যেকোনো ধরনের মৃত্যুবরণ করিলে তাহার পরিবার পারিবারিক অবসরভাতা পাইবেন।

১০.১ পরিবার বলিতে বুঝাইবে-

- বিশ্ববিদ্যালয়ের কোনো পুত্রুম কর্মচারী-এর স্ত্রী/স্ত্রীগণ;
- বিশ্ববিদ্যালয়ের কোনো মহিলা কর্মচারী-এর স্বামী;
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর পিতা-মাতা;
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর সন্তান (আইনানুগ দত্তক সন্তানসহ);
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর মৃত পুত্রের বিধবা স্ত্রী/স্ত্রীগণ এবং সন্তান;
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর সন্তানের পুত্র/কন্যা;
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর ১৮ বৎসরের কম বয়স্ক ডাই;
- বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী-এর অবিবাহিতা এবং বিধবা বোন;

স্বাক্ষর
সেয়েম আলী বেজা
মহোদয়
মহাপরিচালক
শিক্ষা মন্ত্রণালয়
স্বাক্ষরিত
১৩/০৩/১৯

১০.২ পারিবারিক অবসরভাতা পরিবারের সকল সদস্যের জন্ম-পোষণের জন্য পরিবারের নিম্নোক্ত সদস্যদের বরাবর মঞ্জুর করা যাইবে।

- (i) পুত্র কর্মচারীর ক্ষেত্রে বিধবা স্ত্রী/স্ত্রীগণ এবং মহিলা কর্মচারীর ক্ষেত্রে স্বামী; তবে একাধিক স্ত্রী থাকার ক্ষেত্রে ২৫ বছরের অধিক বয়স্ক পুত্র ও বিবাহিত কন্যাগণ বাদে অন্যান্য সন্তান এবং স্ত্রী মিলে মোট সদস্য সংখ্যা যদি ৪ (চার) এর অধিক না হয়, তাহা হইলে ২৫ বছরের অধিক বয়স্ক পুত্র ও বিবাহিত কন্যাগণ বাদে অন্য সদস্যগণের মধ্যে অবসর সমাহারে বন্টিত হইবে। কিন্তু তীহাদের মিলিত সংখ্যা ৪ এর অধিক হইলে স্ত্রীগণ প্রত্যেকে ১/৪ অংশ হিসাবে পাওয়ার পর অবশিষ্ট থাকিলে, অবশিষ্টাংশ সন্তানদের মধ্যে (২৫ বছরের অধিক বয়স্ক পুত্র এবং বিবাহিতা কন্যাগণ বাদে) সমাহারে বন্টন করিতে হইবে;
- (ii) স্বামী/স্ত্রী না থাকার ক্ষেত্রে জীবিত জ্যেষ্ঠ পুত্র;
- (iii) স্বামী/স্ত্রী এবং জীবিত পুত্র না থাকার ক্ষেত্রে অবিবাহিতা বয়োজ্যেষ্ঠ কন্যা, উক্ত বয়োজ্যেষ্ঠ অবিবাহিতা কন্যার মৃত্যু বা বিবাহ হওয়ার ক্ষেত্রে পরবর্তী বয়োজ্যেষ্ঠ অবিবাহিতা কন্যা;
- (iv) স্বামী/স্ত্রী, জীবিত পুত্র এবং অবিবাহিতা কন্যা না থাকার ক্ষেত্রে জীবিত বয়োজ্যেষ্ঠ বিধবা কন্যা;
- (v) স্বামী/স্ত্রী, জীবিত পুত্র এবং অবিবাহিতা কন্যা না থাকার ক্ষেত্রে মৃত পুত্রের জ্যেষ্ঠ বিধবা স্ত্রী;
- (vi) স্বামী/স্ত্রী, জীবিত পুত্র এবং অবিবাহিতা কন্যা, বিধবা কন্যা এবং মৃত পুত্রের বিধবা স্ত্রী না থাকার ক্ষেত্রে মৃত পুত্রের জীবিত জ্যেষ্ঠ পুত্র;
- (vii) স্বামী/স্ত্রী, জীবিত পুত্র এবং অবিবাহিতা কন্যা, বিধবা কন্যা, মৃত পুত্রের বিধবা স্ত্রী এবং মৃত পুত্রের পুত্র না থাকার ক্ষেত্রে মৃত পুত্রের অবিবাহিতা বয়োজ্যেষ্ঠ কন্যা;
- (viii) স্বামী/স্ত্রী, জীবিত পুত্র এবং অবিবাহিতা কন্যা, বিধবা কন্যা, মৃত পুত্রের বিধবা স্ত্রী, মৃত পুত্রের পুত্র এবং মৃত পুত্রের অবিবাহিতা কন্যা না থাকার ক্ষেত্রে মৃত পুত্রের বয়োজ্যেষ্ঠ বিধবা কন্যা;

উল্লিখিত পরিবারে সদস্যগণ না থাকার ক্ষেত্রে নিম্নোক্ত আত্মীয়বর্গের অনুকূলে অগ্রাধিকারের ক্রমানুসারে অবসরভাতা মঞ্জুর করা যাইবে-

- (i) পিতা;
- (ii) পিতার অবর্তমানে মাতা;
- (iii) পিতা ও মাতার অবর্তমানে ১৮ বছরের কম বয়স্ক বয়োজ্যেষ্ঠ ভাই;
- (iv) পিতা, মাতা এবং ১৮ বছরের কম বয়স্ক বয়োজ্যেষ্ঠ ভাই এর অবর্তমানে অবিবাহিত বয়োজ্যেষ্ঠ বোন। বয়োজ্যেষ্ঠ বোনের মৃত্যু বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার ক্ষেত্রে তৎপরবর্তী অবিবাহিতা বয়োজ্যেষ্ঠ বোন।
- (v) পিতা, মাতা এবং ১৮ বছরের কম বয়স্ক বয়োজ্যেষ্ঠ ভাই এবং অবিবাহিতা বোন এর অবর্তমানে বিধবা জ্যেষ্ঠ বোন।

১০.৩ অবসরভাতা প্রদেয় হইবে না-

- (i) পিতা, মাতা এবং ১৮ বছরের কম বয়স্ক ভাই, অবিবাহিতা বা বিধবা বোন মৃত কর্মচারীর উপর ভরণপোষণের জন্য নির্ভরশীল ছিল যদি এই সর্বমুখ্য যথাযথ প্রমাণপত্র দাখিল করিতে না পারেন;
- (ii) কর্মচারীর পরিবারের কোন মহিলা সদস্য বিবাহিত হওয়ার ক্ষেত্রে;
- (iii) কর্মচারীর পরিবারের কোন বিধবা সদস্যের বিবাহিত হওয়ার ক্ষেত্রে;
- (iv) ভাইয়ের বয়স ১৮ বছরের পূর্ণ হওয়ার ক্ষেত্রে;
- (v) কর্মচারীর পরিবারভুক্ত নয় এমন ব্যক্তিকে;

১০.৪ একাধিক স্ত্রী থাকার ক্ষেত্রে ব্যতীত অবসরভাতা অংশ হিসাবে প্রদেয় হইবে না।

১০.৫ অবসর প্রাপ্ত পরিবারের কোনো সদস্যের মৃত্যু হইলে বা বিবাহ হইলে পরবর্তী সদস্য অবসরভাতা পাইবেন।

- ১৪.২ ছুটিজন্মিত শূন্য পদের বিপরীতে অথবা অস্থায়ীভাবে নিয়োজিত কোনো কর্মচারী তাহার চাকরির ধারাবাহিকতা বজায় রাখিয়া পরবর্তীতে স্থায়ী পদে নিয়োজিত হইলে পেনশনের ক্ষেত্রে তাহার চাকরিকাল গণনার সময় প্রথম যোগদানের তারিখ হইতে মোট চাকরিকাল গণনা করা হইবে।
- ১৪.৩ এ বিশ্ববিদ্যালয়ে এডহক/অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কর্মচারী প্রথম যোগদানের তারিখ হইতে চাকরির ধারাবাহিকতা বজায় রাখিয়া পরবর্তীতে যে সময় স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হন না কেন, পেনশনের ক্ষেত্রে মোট চাকরিকাল গণনার সময় এডহক/অস্থায়ীভাবে প্রথম যোগদানের তারিখ হইতে ১৪.২ অনুচ্ছেদের শর্তানুসারে তাহার মোট চাকরিকাল গণনা করা হইবে।
- ১৪.৪ এই বিশ্ববিদ্যালয়ের কর্মচারী লিয়েন বা বিনাশর্তে অসাধারণ ছুটি লইয়া দেশ/বিদেশে কোনো সরকারি/আন্তর্জাতিক প্রতিষ্ঠানে অথবা কোনো পাবলিক/বেসরকারি বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/পাবলিক লিমিটেড প্রতিষ্ঠান (সরকার নিয়ন্ত্রিত)/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্পোরেশনে চাকরি করেন তাহা হইলে সেই চাকরি অবসরযোগ্য চাকরি হিসাবে গণ্য হইবে যদি তিনি উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ হইতে আহরিত মূল বেতনের ১০% অথবা এই বিশ্ববিদ্যালয়ে ওই সময়ে চাকরি করিলে যে মূল বেতন (Basic Salary) পাইতেন, উহার ১২.৫% এই বিশ্ববিদ্যালয়ে জমা দেন।

১৫। পেনশনযোগ্য চাকরিকালের ঘাটতি

এই সংবিধির কোনো শর্ত পূরণের ক্ষেত্রে কোনো কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকরিতে ঘাটতি দেখা দিলে:

- (ক) ছয় মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি মওকুফ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- (খ) ছয় মাসের অধিক কিন্তু ০১ (এক) বৎসরের অধিক নয় এইরূপ সময়ের ঘাটতি মওকুফ করা যাইতে পারে, যদি-
 - (i) তিনি চাকরিতে থাকাকালে সন্তু্যবরণ করিয়া থাকেন অথবা
 - (ii) তিনি তাহার নিয়ন্ত্রণবহির্ভূত কোনো কারণে, যেমন- পশুজ বা পদ অবপূঙ্গির কারণে অবসরগ্রহণ করিয়া থাকেন, অথচ উক্ত নিয়ন্ত্রণ-বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি আরও ০১ (এক) বৎসর গণনাযোগ্য চাকরি করিতে পারিতেন এবং
- (গ) ০১ (এক) বৎসরের অধিক সময়ের ঘাটতি কোনো অবস্থাতেই মওকুফ করা যাইবে না।

১৬। অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave)

এই বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারীর ছুটি পাওনা থাকিল সাপেক্ষে অবসর গ্রহণের পরবর্তী দিন হইতে গড় বেতনে সর্বোচ্চ ১ (এক) বৎসর অবসর-উত্তর ছুটি ভোগ করিতে পারিবেন। তবে এই ক্ষেত্রে অর্ধ গড় বেতনের ছুটি পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাইবে। অক্ষমতাজন্মিত অবসর, পদবিলুপ্তি জন্মিত অবসর, বাধ্যতামূলক অবসর এবং পোষ্য অবসরের ক্ষেত্রে অবসর ভাতাযোগ্য চাকরিকাল ২৫ (পঁচিশ) বৎসরের কম হইলে অবসর-উত্তর ছুটি ভোগের সুবিধা পাইবেন না। ইহা ছাড়া শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে বাধ্যতামূলক অবসর প্রদানের ক্ষেত্রেও অবসর-উত্তর ছুটি ভোগের সুবিধা পাইবেন না। অবসর-উত্তর ছুটি ভোগকালীন সময়ে বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা দেওয়া হইবে না। তবে অবসরভাতা নির্ধারণের জন্য উক্ত বার্ষিক বেতন বৃদ্ধি যোগ হইবে। ইহা ছাড়া অবসর-উত্তর ছুটি ভোগকালীন সময়ে নতুন জাতীয় বেতন স্কেল ঘোষণা করা হইলে, অবসর-উত্তর ছুটি ভোগীদের বোম্বিত সুবিধা প্রাপ্য হইবে। তবে এবিধারে সরকার সময়ে সময়ে যে নির্দেশনা প্রদান করিবে তাহাই কার্যকর হইবে।

(Signature)
রাশী বেজা
 প্রকৃষ্ট
 পিএম ও উত্তর বিভাগ
 বিশ্ববিদ্যালয়
 কলকাতা-৭০০০০৯

১৭। ছুটি নগদায়ন (Leave Encashment)

বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী চাকরি হইতে অবসর গ্রহণ করিলে কিংবা পদত্যাগ করিলে বা চাকরিচ্যুত হইলে বা বিশ্ববিদ্যালয়ের চাকরি হইতে অব্যাহতি নিলে বা পদ বিলুপ্তির কারণে তাহার চাকরির অবসান ঘটিলে বা মৃত্যুবরণ করিলে, সেই তারিখে অবসর গ্রহণ ধরিয়া তিনি বা তাহার পরিবার অর্জিত পাওনা ছুটির সর্বোচ্চ ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পাইবেন (অর্জিত ছুটি পাওনা থাকা সাপেক্ষে)। অবসর-উত্তর ছুটি (PRL) এবং ছুটি নগদায়নের ক্ষেত্রে ০২ (দুই) দিনের অর্ধগড় বেতনের ছুটিকে ০১ (এক) দিনের গড় বেতনের ছুটিতে রূপান্তর (Conversion) করা যাইবে যাহা যোগদানের তারিখ হইতে গণনা হইবে। অবসরকালীন মূল বেতনের ভিত্তিতে উক্ত নগদায়ন সুবিধা অবসর-উত্তর ছুটির শুরুতে প্রাপ্য। অবসর-উত্তর ছুটি ভোগ না করিলেও এই আর্থিক সুবিধা প্রাপ্য হইবে।

যদি কাহারো অর্জিত ছুটি নগদায়নের জন্য ১৮ (আঠারো) মাস জমা না থাকে তাহা হইলে তিনি ইচ্ছা করিলে ছুটি নগদায়নকাল এবং অবসর-উত্তর ছুটির (PRL) সময় কম বেশি করিয়া পাওনা অর্জিত ছুটি সমন্বয় করিতে পারিবেন।

১৮। অর্জিত ছুটি স্থানান্তর

- ১৮.১ কোনো কর্মচারী এই বিশ্ববিদ্যালয়ে চাকরিতে যোগদানের পূর্বে বাংলাদেশ সরকারের অধীন অথবা কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি কলেজ/ সরকারি প্রকল্প/ স্নায়তশাসিত প্রতিষ্ঠান/ স্নায়তশাসিত গবেষণা প্রতিষ্ঠান/ কর্পোরেশন-এ চাকরি করিয়া থাকিলে এবং তাহা এই সংবিধি অনুসারে বিশ্ববিদ্যালয় কর্তৃক গণনা করা হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে অর্জিত ছুটির প্রত্যয়ন প্রাপ্তিসাপেক্ষে উক্ত চাকরিকালীন তাহার প্রাপ্য অর্জিত ছুটির সম্পূর্ণ অংশ এই বিশ্ববিদ্যালয়ের অর্জিত ছুটি হিসাবে যোগ হইবে।
- ১৮.২ প্রত্যেক কর্মচারীর অর্জিত ছুটির হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে। এই বিষয়ে সংশ্লিষ্ট অফিস ব্যবস্থা গ্রহণ করিবে।

১৯। অবসরভোগী কর্মচারীগণের বর্ধিত অবসরভাতা প্রাপ্যতা


এই বিশ্ববিদ্যালয়ের অবসরভোগী কর্মচারী নিম্নরূপ হারে বর্ধিত অবসর ও ভাতা প্রাপ্য হইবেন:

- ১৯.১ ৬৫ বৎসরের কম বয়সী পেনশনভোগীগণ প্রাপ্য মাসিক নিট পেনশনের ৪০% বর্ধিত হারে অবসর পাইবেন।
- ১৯.২ ৬৫ বৎসর ও তদুর্ধ্ব পেনশনভোগী নিট পেনশনের উপর ৫০% বর্ধিত হারে অবসর প্রাপ্য হইবেন।
- ১৯.৩ ৬৫ বৎসরের উর্ধ্ব পেনশনভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণ মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং অন্যান্য অবসরভোগীগণ মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে চিকিৎসা ভাতা পাইবেন।
- ১৯.৪ মাসিক নিট পেনশনগ্রহণকারী অবসরভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণও তাহাদের নিট পেনশনের ২০% হারে অথবা সরকার নির্দেশিত হারে বাংলা নববর্ষ ভাতা পাইবেন।
- ১৯.৫ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পেনশনারগণ/পারিবারিক পেনশনারগণের মাসিক পেনশনের উপর ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হইবে যাহা ১ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর।
- ১৯.৬ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী অবসরভোগী ও আজীবন পারিবারিক অবসরভোগী তাদের নিট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে দুইটি উৎসবভাতা পাইবেন।
- ১৯.৭ এ ক্ষেত্রে সরকারি সকল বিধিবিধান অনুসৃত হবে এবং সরকার কর্তৃক অবসরভোগীদের জন্য সময় সময় কোনো সুযোগ সুবিধা প্রদান/বৃদ্ধি করা হইলে তাহা এই বিশ্ববিদ্যালয়ের অবসরভোগীদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

২০। এককালীন আর্থিক সহায়তা

চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়া অথবা চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে মৃত্যুবরণকারী কর্মচারীকে/পরিবারকে এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রদান:

একজন সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি তিনি স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়েন, অথবা তাঁর মৃত্যু হয় সে ক্ষেত্রে বর্তমানে প্রচলিত ১৫,০০০/- টাকা এককালীন আর্থিক সুবিধা প্রদানের স্বপে অর্থ মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ১৯৭৭ তারিখের এম.এফ.(আই.ডি)-১-২/৭৭/৮৬৫ সংখ্যক আফিস স্মারকের ক্রমধারায় চাকরির মেয়াদের প্রতি বছর কিংবা তার অংশবিশেষের জন্য তার শেষ আহুতি ৩ (তিন) টি মূল বেতনের সমপরিমাণ হারে তার অথবা তার পরিবারের এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্য হবে।


 মেয়াদ ভাঙ্গী বেজা
 সফটওয়্যার ইঞ্জিনিয়ার
 পেনশন বিভাগ
 বিশ্ববিদ্যালয়, ঢাকা

২১। ব্যক্তিগত নথি সংরক্ষণ

- ২১.১ রেজিস্ট্রার দপ্তর কর্তৃক সংশ্লিষ্ট চাকরিজীবীর চাকরি সংক্রান্ত সকল তথ্যাদি যথা- নিয়োগ, চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি, শাস্তি, অর্জিত ছুটি, উচ্চতর স্কেল (টাইম স্কেল), সিলেকশন গ্রেড, পিআরএল, অবসরগ্রহণ, মৃত্যু ইত্যাদি নির্ধারিত ফরম্যাট/সার্ভিস বুক-এ ধারাবাহিকভাবে "চাকরির বৃত্তান্ত" সংরক্ষণ করিতে হইবে। প্রতি বৎসর ফেব্রুয়ারি মাসের মধ্যে চাকরির বৃত্তান্ত হালনাগাদ করিতে হইবে।
- ২১.২ চাকরির বৃত্তান্তে কর্মচারীদের বিষয়ে উত্থাপিত অডিট আপত্তি ও বিভাগীয় মামলা সংক্রান্ত যাবতীয় তথ্য যথাযথভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। ইহাতে বিশ্ববিদ্যালয়ের পাওনাদির বিষয়ে বিতর্কিত উল্লেখ করিতে হইবে।
- ২১.৩ অবসর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও গতিশীল করিবার লক্ষ্যে রেজিস্ট্রার ও হিসাব অফিসে দুইটি পৃথক অবসর শাখা থাকিবে।

২২। মনোনয়ন (নমিনেশন)

- ২২.১ প্রত্যেক কর্মচারীর অবসরভাতা অথবা আনুতোমিক অথবা এতদসংক্রান্ত অন্যান্য আর্থিক সুবিধাদি পাওয়ার সুবিধার্থে নমিনি/নমিনিগণের নাম বিশ্ববিদ্যালয়ের মিকট নির্ধারিত ফরমে যথাসময়ে ঘোষণা করিতে হইবে।
- ২২.২ চাকরিরত অবস্থায় কেোনো কর্মচারীর নমিনি মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট চাকুরে আবেদনের মাধ্যমে নতুন নমিনি মনোনয়ন দিতে পারিবেন।
- ২২.৩ বিশেষ কারণে কোনো কর্মচারী আলাদা আবেদনের মাধ্যমে জীহার নমিনি পরিবর্তন করিতে পারিবেন।
- ২২.৪ প্রত্যেক কর্মচারীকে ৫(পাঁচ) কপি নমিনি ফরম রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহপূর্বক নিজের ও নমিনি বা নমিনিদের প্রত্যেকের ৫(পাঁচ) কপি সত্যায়িত ছবি যুক্ত করত যথাযথভাবে নমিনি ফরম পূরণ করিয়া নিজ বিভাগ/অফিস প্রধানের সুপারিশসহ সংশ্লিষ্ট অফিস/বিভাগে জমা দিতে হইবে। সংশ্লিষ্ট অফিস/বিভাগ এক কপি ফরম সংরক্ষণ করিবে এবং ০৪ (চার) কপি ফরম রেজিস্ট্রার অফিসে প্রেরণ করিবে। রেজিস্ট্রার অফিস এক কপি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করিবে, এক কপি হিসাব অফিসে, এক কপি অবসরসংশ্লিষ্ট শাখায় প্রেরণ করিবে। অবশিষ্ট এক কপি সংশ্লিষ্ট চাকুরেকে ব্যক্তিগতভাবে সংরক্ষণের জন্য প্রদান করিবে।

২৩। সাধারণ ভবিষ্য তহবিল

এই বিশ্ববিদ্যালয়ের কর্মচারীগণের সাধারণ ভবিষ্য তহবিল (General Provident Fund) বরকসারি বিধিবিধান অনুযায়ী পরিচালিত হইবে।

২৪। অবসর গ্রহণের পূর্বে প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি)

- ২৪.১ কর্মচারী অবসর-উত্তর ছুটিতে গমনের ১১ (এগার) মাস পূর্বে হিসাব অফিস কর্তৃক তাহার অবসর-উত্তর ছুটিতে যাইবার পূর্বের তারিখে এবং অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে শেষ আহরণযোগ্য প্রত্যাশিত বেতন উল্লেখপূর্বক ইএলপিসি জারি করিবেন। ইএলপিসি জারির একমাস পূর্বে রেজিস্ট্রার দপ্তর কর্তৃক স্বাক্ষরকৃত সংশ্লিষ্ট চাকুরের চাকরির বৃত্তান্ত প্রস্তুত করিয়া হিসাব অফিসে অনুলিপি প্রেরণ করিবে যাহা ইএলপিসি-এর সাথে সংযুক্ত করিতে হইবে। চাকরি বৃত্তান্তে অনিস্পষ্টিকৃত অডিট আপত্তি ও বিভাগীয় মামলার তথ্য থাকিলে তাহা ইএলপিসিতে লাল কালিতে উল্লেখ করিতে হইবে।
- ২৪.২ অবসরগ্রহণের পূর্ব পর্যন্ত বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) থাকিলে তারিখসহ বর্ধিত বেতনের পরিমাণ উক্ত ইএলপিসিতে উল্লেখ করিতে হইবে। অবসর-উত্তর ছুটিতে যাইবার অব্যবহিত পূর্বের তারিখে প্রাপ্য ছুটি, ভবিষ্য তহবিলে সুদসহ জমাকৃত অর্থের পরিমাণ এবং বিশ্ববিদ্যালয়ের পাওনা সংক্রান্ত তথ্যাদি হিসাব করিয়া উক্ত ইএলপিসিতে উল্লেখ করিতে হইবে। ইএলপিসি জারির পর চাকরি সংক্রান্ত কোনো পরিবর্তন ঘটিলে রেজিস্ট্রার দপ্তর কর্তৃক হালনাগাদ চাকরি বৃত্তান্ত হিসাব অফিসে ও সংশ্লিষ্ট চাকুরের কাছে প্রেরণ

সেইম জি.সি. রেজা
 সুস্বাসিত
 শিক্ষা বিভাগ
 বিশ্ববিদ্যালয়
 ঢাকা

নিশ্চিত করিবেন। ইএলপিসিতে বর্ণিত তথ্য সম্পর্কে পরবর্তীতে আর কোনো আপত্তি সংশ্লিষ্ট চাকুরের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ করিতে পারিবেন না।

২৪.৩ প্রশাসনিক কর্তৃপক্ষ অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ পর্যালোচনা করিয়া নির্ধারিত সময়সীমার মধ্যে হিসাব অফিসের অডিট শাখায় জবাব প্রদান করিবেন। প্রয়োজনে সংশ্লিষ্ট শাখার সাথে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে আপত্তি নিষ্পত্তি করিতে হইবে।

২৫। অনুভোলিত অবসরভাতা এবং বকেয়া অবসরভাতা প্রদানের পদ্ধতি

পেনশনার কোন কারণে এক বৎসর বা তদূর্ধ্ব সময় পেনশনের টাকা উত্তোলন করিতে না পারিলে এবং পরবর্তীতে তাহা উত্তোলন করিতে চাহিলে অনুভোলিত/বকেয়া থাকার কারণ স্বেচ্ছিত আবেদন পরিচালক (হিসাব) বরাবর দাখিল করিতে হইবে। পরিচালক (হিসাব) তাহার দপ্তরে অবসর পেমেন্ট অর্ডার (পিপিও) এর ভিত্তিতে অনুভোলিত বকেয়া অবসরভাতা পরিশোধ করিতে পারিবেন। এই ক্ষেত্রে অবসরভাতা মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট হইতে নূতনভাবে অনুমোদন/মঞ্জুরি গ্রহণের প্রয়োজন হইবে না।

২৬। পেনশন পেমেন্ট অর্ডার (পিপিও)

২৬.১ পেনশনের পিপিওতে তাহার মিনি/উত্তরাধিকারীর নাম, পেনশনারের সাথে সম্পর্ক, বৈবাহিক অবস্থা ও বয়স ইত্যাদি উল্লেখ থাকিতে হইবে। পিপিও এর সাথে তথ্যাদিসমূহ অবশ্যই সংযোজন করিতে হইবে। চাকুরে/অবসরপ্রাপ্ত চাকুরে জীবিত থাকা অবস্থায় সকল তথ্য সরবরাহ করা না হইলে পারিবারিক পেনশনের আবেদনকারীকে উক্ত তথ্যাদি দাখিল করিতে হইবে এবং তাহা পিপিও এর সাথে সংযোজন করিতে হইবে।

২৬.২ হিসাব অফিস পিপিও যথাযথভাবে পূরণের বিষয়টি নিশ্চিত করিবে। রেজিস্ট্রার দপ্তর অবসর বহিষ্টি উন্নতমানের কাগজ দ্বারা প্রস্তুত করিয়া বীধানোর ব্যবস্থা করিবে।

২৭। অবসরভাতা পরিশোধ (Pension Payment)

২৭.১ কোন কর্মচারীকে অবসর গ্রহণের কমপক্ষে ৬ (ছয়) মাস পূর্বে নির্ধারিত ফরমে অবসর গ্রহণ, অবসর-উত্তর ছুটি ভোগ ও ছুটি মগদায়ন বিষয়ে রেজিস্ট্রার বরাবর আবেদন করিতে হইবে। রেজিস্ট্রার আবেদন প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) মাসের মধ্যে অবসর-উত্তর ছুটি ভোগের আদেশ, ছুটি মগদায়ন আদেশ এবং অবসর আদেশ জারি করিবেন।


২৭.২ অবসর মঞ্জুরি আদেশ জারির জন্য নিম্নবর্ণিত কাগজপত্র রেজিস্ট্রারের কার্যালয়ে জমা দিতে হইবে।

অবসর-উত্তর ছুটিতে গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে):

- পূরণকৃত অবসরভাতা ফরম;
- সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙীন ছবি ৫ কপি;
- প্রাপ্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র;
- নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ;

অবসর মঞ্জুরির পূর্বে পেনশনারের মৃত্যু হইলে:

- পূরণকৃত পারিবারিক অবসর আবেদন ফরম;
- সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙীন ছবি ৫ কপি;
- উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারেজ সার্টিফিকেট (অফিসে যদি মনোনয়নপত্র জমা না দেওয়া থাকে);
- নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ;
- অভিভাবক মনোনয়ন এবং অবসর ও কন্সটেশন অর্থ উত্তোলন করার ক্ষমতা অর্পণ সনদ;
- মৃত্যু সনদপত্র;
- অবসর মঞ্জুরি আদেশ।


সেয়দ আব্দুল আজীজ
মুদ্রাস্বাক্ষর
মহাপরিচালক ও অডিটর জেনারেল
শিক্ষণ বিষয়
সংস্কৃত কলেজ
কলকাতা

অবসর ভোগের অবস্থায় পেনশনারের মৃত্যু হইলে:

- i. পারিবারিক পেনশনের আবেদন ফরম;
- ii. সত্যায়িত পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি ৫ কপি;
- iii. উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট;
- iv. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙুলের ছাপ;
- v. অভিভাবক মনোনয়ন এবং অবসর উত্তোলন করার ক্ষমতা অর্পণ সনদ;
- vi. মৃত্যু সনদপত্র;
- vii. অবসর মঞ্জুরি আদেশ।

২৭.৩ পরিচালক (হিসাব) এর দপ্তরে অবসর সংক্রান্ত প্রয়োজনীয় কাগজ পত্র পাওয়ার পর সকল নথিপত্র প্রিন্সিপাল-এর জন্য বিশ্ববিদ্যালয়ের অডিট শাখায় (যদি থাকে) প্রেরণ করিবে। অডিট শাখা চূড়ান্ত পেনশনে গমনের কমপক্ষে এক মাস পূর্বে যাচাইবাছাই ও নিরীক্ষার কাজ সমাপ্ত করিতে হইবে।

২৭.৪ অবসর-উত্তর ছুটিতে গমনের তারিখের পূর্বে Post dated চেকের মাধ্যমে ছুটি মগদায়নের অর্থ পরিশোধ করিতে হইবে।

২৭.৫ পারিবারিক অবসরভোগী বিধবা স্ত্রী বা বিপরীক স্বামীর পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে সনদপত্র সরকার কর্তৃক জারিকৃত আদেশ অনুসারে পরিচালক (হিসাব) দপ্তরে জমা দিতে হইবে। ইহা ছাড়া, পারিবারিক অবসরভোগী অন্য কোন সদস্য অবিবাহিত বা বিধবা বা তালাকপ্রাপ্ত হইলে সেইক্ষেত্রে অনুরূপ বিধান প্রযোজ্য হইবে।

২৭.৬ ক্রমাগত ৬ (ছয়) মাস অবসরভাতা গ্রহণ না করিলে তিনি জীবিত আছেন এবং পারিবারিক অবসর ভাতার ক্ষেত্রে অবসরভাতা গ্রহীতা জীবিত আছেন ও প্রযোজ্য ক্ষেত্রে বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাই এই মর্মে সনদপত্রসহ রেজিস্ট্রার বরাবর আবেদন করিয়া অবসর পরিশোধের জন্য অনুমোদন নিতে হইবে।

তবে শর্ত থাকে যে, সুস্পষ্ট ও যৌক্তিক কোন কারণে অবসরভাতা প্রদানের বিষয়ে নিষ্পত্তি করা সম্ভব না হইলে এই সংবিধির ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক অবসরভাতা প্রদান করা যাইবে।

২৮। নিখোঁজ চাকুরের নমিনি/ উত্তরাধিকারীকে অবসরভাতা ও আনুতোষিক প্রদান

২৮.১ স্থায়ীভাবে নিয়োজিত এবং অনূন ০৫ (পাঁচ) বৎসর গণন্যযোগ্য চাকরি করিয়াছেন এমন নিখোঁজ কর্মচারীদের অবসর ও আনুতোষিক প্রাপ্তির জন্য তাহার নমিনি/উত্তরাধিকারী নিকটস্থ থানায় এই সম্পর্কিত জেনারেল ডায়েরি (জিডি) এন্ড অনুলিপি সহ অবসর প্রাপ্তির আবেদন করিলে রেজিস্ট্রার অফিস দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্রে নিখোঁজ হওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করিবেন। বিজ্ঞপ্তি প্রকাশের ০৬ (ছয়) মাস অতিবাহিত হইলে নমিনি/উত্তরাধিকারীকে বিধি মোতাবেক পারিবারিক অবসর মঞ্জুর করা হইবে।

২৮.২ পূর্বে পরিশোধিত না হইলে নিখোঁজ হইবার অনূন ০৩ (তিন) বৎসর পর প্রচলিত আইন অনুযায়ী যোগ্য আদালত কর্তৃক সাব্যস্তকৃত উত্তরাধিকার সার্টিফিকেট দাখিল করা হইলে, দেনা পাওনা সমন্বয় সাপেক্ষে নিখোঁজ চাকুরের ভবিষ্য তহবিলের স্থিতি ও আনুতোষিকের অর্থ প্রদান করা যাইবে।

২৮.৩ অনুচ্ছেদ ৩০.১ অনুযায়ী পারিবারিক অবসর মঞ্জুরিশেষে সংশ্লিষ্ট চাকুরে ফিরিয়া আসিলে তিনি নিখোঁজ হওয়ার পূর্বে অবসরে গমন না করিলেও তিনি তাহার পূর্ব চাকরিতে পুনর্বহালযোগ্য হইবেন না।

২৯। অবসর ও আনুতোষিক মঞ্জুরি

কর্মচারীগণের অবসর ও আনুতোষিক ভাইস-চ্যান্সেলর/ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত কর্মকর্তা মঞ্জুর করিবেন এবং প্রতিটি নিষ্পত্তিকৃত অবসর কেইন অর্থ কমিটি ও রিজেন্ট বোর্ডে রিপোর্ট করিতে হইবে।

সেমান আলী রিজা
 সিনিয়র স্যুপারভাইজার
 শিক্ষা সঞ্চালক
 বাংলাদেশ সরকার

- ১০.৬ প্রতিবন্ধী সন্তানের আঞ্জীবন পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইবে।
- ১০.৭ উত্তরাধিকার মনোনয়ন: পারিবারিক পেনশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে চাকরিতে থাকা অবস্থায় অথবা তাহার পরিবারের যে কোনো এক বা একাধিক সদস্যকে তাহার পারিবারিক পেনশনের সম্পূর্ণ বা অংশ বিশেষের উত্তরাধিকারী মনোনয়ন করিতে পারিবেন। মনোনয়নের অবর্তমানে পারিবারিক অবসর ও আনুতোষিক প্রদানের ক্ষেত্রে তাহার সর্বশেষ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সরকারি বিধি অনুযায়ী উত্তরাধিকারী নির্ণয় করিবেন। মৃত পেনশনারের স্ত্রী/স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হয় নাই এই মর্মে স্থায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত সার্টিফিকেট গ্রহণযোগ্য হইবে। এই ক্ষেত্রে কোর্ট হইতে সাক্ষেপন সার্টিফিকেট প্রদানের বাধ্যবাধকতা থাকিবে না।
- ১০.৮ পারিবারিক অবসর প্রাপ্যতার ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান অনুসৃত হবে এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপন দ্বারা পারিবারিক অবসরভাতা ও আনুতোষিকের প্রাপ্যতা নির্ধারিত হইবে।

১১। মাসিক অবসরভাতা (Monthly Pension)

প্রত্যেক কর্মচারী ০৫ (পাঁচ) বৎসর বা ততোধিক সময় স্বীকৃত চাকুরি (Qualifying Service) করিবার পর যদি তাহার অবসরভাতা প্রাপ্য হয়, তাহা হইলে নির্ধারিত অবসরভাতা প্রাপ্য হইবে। এই ক্ষেত্রে এককালীন অর্থের হার সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হার (Rate) অনুসারে ধার্য করা হইবে।

১২। পেনশন সমর্পণ (Surrender of Pension)

বিশ্ববিদ্যালয়ের কোনো কর্মচারী অবসরভাতা পাইবার যোগ্য হইলে তাহার গ্রাস পেনশনের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ বাধ্যতামূলক সমর্পণের পর সরকার কর্তৃক নির্ধারিত হারে এককালীন আনুতোষিক প্রাপ্য হইবে এবং অবশিষ্ট শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক অবসরভাতা প্রাপ্য হইবে। তবে এই বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আদেশনির্দেশ প্রাধান্য পাইবে।

১৩। সাময়িক (Provisional) অবসরভাতা প্রদান

না-দায়ী প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে অবসর কেইস নিষ্পত্তি করিতে বিলম্ব হইলে অবসরপ্রাপ্ত কর্মচারী/নামিনি এই সংবিধির অনুচ্ছেদ-১৪ (ক) এর পরিবারের সংজ্ঞায় বর্ণিতগণের আবেদনক্রমে প্রাপ্য আনুতোষিকের শতকরা ৮০(আশি) ভাগ অথবা প্রয়োজ্যক্ষেত্রে প্রাপ্য নিট পেনশনের শতকরা ৮০(আশি) ভাগ সাময়িকভাবে পরিশোধ করা যাইবে। পরবর্তীকালে অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিস প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করিয়া অবসর কেইসটি চূড়ান্ত করিবেন। অন্যথায় উক্ত ০৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পর সাময়িকভাবে প্রদত্ত অবসর/আনুতোষিক/নিট অবসর অবসরপ্রাপ্ত কর্মচারীর নিজস্ব বিবরণীর ভিত্তিতে চূড়ান্ত করিতে হইবে এবং অবসর ও আনুতোষিকের অবশিষ্ট অংশ পরিশোধ করিতে হইবে।

১৪। পেনশনযোগ্য চাকরিকাল

পেনশনযোগ্য চাকরির অর্থ এই বিশ্ববিদ্যালয়ে কোনো কর্মচারী পূর্বকালীন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া তাহার যোগদানের তারিখ হইতে অবসরগ্রহণ/পদত্যাগ/ বাধ্যতামূলক অবসর/ চাকরিরত অবস্থায় মৃত্যুর তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

- ১৪.১ এই বিশ্ববিদ্যালয়ে যোগদানের পূর্বে কোনো কর্মচারী কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি সংস্থা বা শিক্ষা প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান - এ চাকরি করিয়া থাকেন, তাহা হইলে তাহার অতীত চাকরিকালের সর্বোচ্চ ১৫ (পনেরো) বৎসর অবসরযোগ্য চাকরিকাল হিসাবে গণনা করা যাইবে। এইরূপ ক্ষেত্রে তিনি এক/একাধিক প্রতিষ্ঠানে চাকরি করিয়া থাকিলে উহার ধারাবাহিকতা না থাকিলেও পূর্বের চাকরির সংশ্লিষ্ট প্রমাণপত্র জমাদান সাপেক্ষে তাহা (অতীত চাকরিকাল) গণনাযোগ্য হইবে। শর্ত থাকে যে, এই সুবিধা পাইতে হইলে বিশ্ববিদ্যালয়ে সর্বনিম্ন ০৫ (পাঁচ) বৎসর সক্রিয় চাকরি করিতে হইবে। হইবে। তবে এই শর্ত মৃত্যু/অকস্মতাজনিত/ বাধ্যতামূলক অবসর/ অব্যাহতি/পদবিনুপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। পূর্বের চাকরিকাল গণনার জন্য প্রাপ্ত মূলবেতনের ১০% অর্থ বিশ্ববিদ্যালয় তহবিলে জমাদান করিতে হইবে।

১৩/০৩/১৯
 বিশ্ববিদ্যালয়
 বিশ্ববিদ্যালয়
 বিশ্ববিদ্যালয়
 বিশ্ববিদ্যালয়